

আইপৰ্ব

কৌশিক দাশ

ব্ৰহ্মতীৰ্থ



প্ৰকাশক ও পুস্তক বিক্ৰেতা

৬৫/৩এ, কলেজ ষ্ট্ৰিট, কলকাতা-৭০০ ০৭৩

জাপানিতে আই মানে ভালোবাসা

Some words are written in water
Some moments remain bright in remembrance

বৃষ্টি এলো
দুঃখগুলো
ধুইয়ে নিয়ে গেলো

খানাখন্দে
ভালোমন্দে
মিশিয়ে থুয়ে গেলো

ঠিক হোক, ভুল হোক
ভালো হোক, ভালো না হোক
বলাটা দরকার

নইলে সূর্যটাও জেনে যাবে তোমার দুর্বলতা
তোমার কাতরতা
দেবে হাততালি আর চিৎকার

পছন্দ করো
দরজা বন্ধ করো
এটাই চমৎকার

‘ক’ টাকে ‘খ’ লেখো
শক্ত হলেও সুশ্রী লাগে
মিথ্যে বলছি না
কেমন মিষ্টি লাগে

তোমার ‘ই’ কে ক’রে দিলুম ‘রি’
তুমি হাসলে — বিদ্যুৎ চমকালো
কতক্ষণ — ক্লিশে হলেও
এটাই তো হলো

এখন বলো
দোষ কি কারো একার
তাহার নয়
শুধু আমার

একদিন শুয়ে আছি ঘুমের মধ্যে
মালটা এসে আমাকে ডাকলো
মেজাজটা বিগড়োলো

সামলে নিয়ে—

ও এসেছিস; তা একটু সবুর কর
কাজ সেরে নিই চটপট

লিখে ফেললুম কয়েকপাতা
টাঙিয়ে দিলুম দেয়ালে
(টেবিলে কি চাপা দিয়ে রাখলুম!)

মালটার সঙ্গে বেরিয়ে পড়লুম —

হারিয়েছি ওই একবার
ঈশ্বরের দরজায় ছুটে যাওয়া ওই একবার

কত অনুনয়, আবেদন — খিল দেওয়া
ফিরে এলুম যখন সন্দের হালকা ছোঁয়া

সারারাত কেটে গেলো
সকালের সোঁদালি আকাশ
এলোমেলো বসে আছি
চোখটা নাবিক — বিমনা বাতাস